



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২৭ মার্চ, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৭ মার্চ, ২০১৯ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ সকাল ১১টায় বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা-২০১৯ এর ফাইনাল খেলা শেষে পুরস্কার বিতরণ করেন অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর ফরিদ উদ্দিন আহমেদ অংশগ্রহণকারী সকল দলকে অভিনন্দন জানিয়ে বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষার্থীদেরকে খেলাধুলায় উৎসাহিত করে। কারণ খেলাধুলা মনকে প্রফুল্ল ও সতেজ রাখে যা তাদের শিক্ষাজীবনের জন্য অপরিহার্য।

সুন্দর ও সুষ্ঠুভাবে বার্ষিক ক্রীড়া সম্পন্ন হওয়ায় ভাইস চ্যান্সেলর ফরিদ উদ্দিন আহমেদ শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানান।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন খেলাধুলা ও ক্রীড়া উপকমিটির সভাপতি প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার এবং শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম, প্রক্টর প্রফেসর জহির উদ্দিন আহমেদ, রসায়ন বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মো. আশরাফুল আলম, নৃবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক জনাব মো. মোখলেছুর রহমান। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক চৌধুরী সউদ-বিন-আমিয়া।

উল্লেখ্য, সকাল ৯.৩০ মিনিটে অনুষ্ঠিত ফাইনাল খেলায় নৃবিজ্ঞান বিভাগ রসায়ন বিভাগকে ২-০ গোলে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার